



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-৮৯৩/ক/অনু:/২০১৭/৫৪৮

তারিখ: ২২/০২/২৪

বিষয়: উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ঢাকা জেলার ধামরাই থানায় অবস্থিত “যাদবপুর ভুবন মোহন উচ্চ বিদ্যালয় ও কলেজ” এর প্রাথমিক পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০২৩ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এই অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

## শাখাসমূহ:

- ১। মানবিক
- ২। ব্যবসায় শিক্ষা
- ৩। বিজ্ঞান

## বিষয়সমূহ:

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। সমাজকর্ম
- ৩। ভূগোল
- ৪। যুক্তিবিদ্যা

ব্যবসায় শিক্ষা :

- ১। হিসাববিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা
- ৪। কৃষিশিক্ষা

বিজ্ঞান :

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন
- ৩। উচ্চতর গণিত
- ৪। জীববিজ্ঞান

## শর্তসমূহ:

- ১। আগামী ০১(এক) বছরের মধ্যে উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ২। নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ৩। কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য শিক্ষক এনটিআরসিএ সনদধারী হতে হবে ও মহিলা কোটা সংরক্ষণ করতে হবে এবং কোন শিক্ষক-কর্মচারীর এমপিও দাবী করা যাবে না।
- ৪। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৫। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৬। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

- ৮। ১ম ও ২য় বর্ষে শিক্ষার্থী সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।
- ৯। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আরো উন্নীত করতে হবে।
- ১০। কলেজ ভবনে স্কুল বা অন্য কোন প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১১। কলেজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্বাহী কমিটি বডি গঠন করে যথাসময়ে অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।
- ১২। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ১৩। কলেজের ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
  - (ক) পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩(তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতি/পাঠদান নবায়নের জন্য অবশ্যই আবেদন করতে হবে।
  - (খ) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
  - (গ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
  - (ঘ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা করতে হবে;
  - (ঙ) উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

যাদবপুর ভূবন মোহন উচ্চ বিদ্যালয় ও কলেজ (EIIN - 107927)


ধামরাই, ঢাকা।

মেমো নং- ৪৪৮(৭)

তারিখ: ১২/০২/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।